
## ইমার্জেন্সি ব্যালেন্স

গ্যাস ফুরিয়ে গেলে আপনি তাৎক্ষণিকভাবে ২০০/- (দুই শত মাত্র) টাকা মূল্যের গ্যাস ইমার্জেন্সি ব্যালেন্স হিসেবে গ্রহণ করতে পারবেন। ইমার্জেন্সি ব্যালেন্স শেষ হবার পূর্বে মিটারে গ্যাস রিচার্জ করুন। পরপর দুইবার ইমার্জেন্সি ব্যালেন্স নেয়া যাবে না।

**১ম ধাপ**





তাৎক্ষণিকভাবে গ্যাস পেতে "B" বোতামটি ৫ থেকে ৬ সেকেন্ড চেপে ধরুন।

**২য় ধাপ**




ডিসপ্লেতে "EC" লেখাটি ভেসে উঠবে।

**৩য় ধাপ**




এবার "A" বোতামটি একবার চাপুন। এখন আপনার প্রিপেইড মিটারে ইমার্জেন্সি ব্যালেন্সটি সচল হবে। এখন আপনি উক্ত গ্যাস ব্যবহার করতে পারেন।

## জরুরি অবস্থা বা এলার্ম সংকেত

| এলার্ম সংকেত | কারণ | করণীয় |
|---|---|---|
| **"EE"** লাল বাতি জ্বলতে নিভতে থাকবে এবং মিটার বন্ধ হয়ে যাবে। | সিসমিক সেন্সরে জোরালো ভূমিকম্প অনুভূত হলে কিংবা মিটারে জোরে ধাক্কা লাগলে। | **"B"** বোতামটি ৫ সেকেন্ড চেপে মিটারটি চালু করতে হবে। |
| **"EO1"** ২৪ ঘণ্টা পর মিটারে গ্যাস প্রবাহ বন্ধ হয়ে যাবে। | অভ্যন্তরীণ গ্যাস পাইপ লাইনে লিকেজ থাকলে। | অভ্যন্তরীণ পাইপ লাইনের চাবি বন্ধ করে দ্রুত তিতাস গ্যাস অফিসে যোগাযোগ করে লিকেজ মেরামতের ব্যবস্থা নিন। |
| **"CLOSE"** ও **"0000.00"** এলার্ম সিগনাল দিতে থাকবে এবং মিটারে গ্যাস প্রবাহ বন্ধ হয়ে যাবে। | গ্যাসের ব্যালেন্স শেষ হয়ে গেলে। | মিটার রিচার্জ অথবা ইমার্জেন্সি ব্যালেন্স গ্রহণ করুন। |
| **"EOP"** লেখাটি ভেসে উঠলে, ডিসপ্লেতে গ্যাসের পরিমান দেখা যায় না। | কোন কারণে মিটারটি বন্ধ হয়ে পুনরায় চালু করা হলে। | **"A"** বোতামটি এক সেকেন্ড চেপে ধরে ছেড়ে দিন। |

## বিশেষ নির্দেশনাঃ

১। প্রিপেইড সিস্টেমে যুক্ত হবার সাথে সাথে প্রারম্ভিকভাবে স্মার্ট কার্ডে তিতাস গ্যাসের পক্ষ হতে অগ্রিম বাবদ ৫০০/- (পাঁচ শত মাত্র) টাকা মূল্যের গ্যাস রিচার্জ করে দেয়া হবে, যাতে সম্মানিত গ্রাহকগণের গ্যাস সরবরাহ অব্যাহত থাকে। পরবর্তীতে কার্ড রিচার্জের সময় এ অর্থ সমন্বয় করা হবে।

২। মিটার ভাড়া হিসেবে গ্রাহকের নিকট হতে প্রতি মাসে একবার ৬০/- (ষাট মাত্র) টাকা কার্ড রিচার্জের সময় আদায় করা হবে।

৩। সরবরাহকৃত স্মার্ট কার্ডটি হারিয়ে গেলে পুনরায় পেতে সর্বশেষ প্রদানকৃত বিলের ফটোকপি এবং সংশ্লিষ্ট থানায় জিডি এন্ট্রি এর কপিসহ "প্রকল্প পরিচালক" বরাবর গ্রাহকের আবেদনের প্রেক্ষিতে একটি ডুপ্লিকেট স্মার্ট কার্ড ইস্যু করা হবে। সেক্ষেত্রে ডুপ্লিকেট কার্ডের মূল্য ১,০০০/- (এক হাজার মাত্র) টাকা গ্রাহককে পরিশোধ করতে হবে, যা পরবর্তীতে কার্ড রিচার্জের সময় সমন্বয় করা হবে।

৪। আপনার গ্যাস সংযোগটি প্রিপেইড সিস্টেমে রূপান্তরের পূর্বের বকেয়া গ্যাস বিলের অর্থ (যদি থাকে) আপনি কোম্পানির প্রচলিত নিয়মে পরিশোধ করতে বাধ্য থাকবেন। নোটিশ প্রাপ্তির ৩ (তিন) মাসের মধ্যে বকেয়া গ্যাস বিল পরিশোধ না করলে তা প্রিপেইড সিস্টেমে সংযোজন করা হবে।

৫। আপনার আঙ্গিনায় স্থাপিত প্রিপেইড গ্যাস মিটারটি তিতাস গ্যাসের নিজস্ব সম্পত্তি। মিটারের নিরাপত্তা ও রক্ষণাবেক্ষণ সার্বিকভাবে গ্রাহকের দায়িত্ব। মিটারের কোন প্রকারের ক্ষতি সাধন বা অবৈধ হস্তক্ষেপ করা শাস্তিযোগ্য অপরাধ। এরূপ ক্ষেত্রে তিতাস গ্যাস কর্তৃপক্ষ আপনার বিরুদ্ধে গ্যাস বিপণন নিয়মাবলি - ২০১৪ অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করবে।


## জরুরি নাম্বার সমূহ

| | |
|---|---|
| জরুরি গ্রাহক সেবা-২৪ ঘণ্টা (প্রিপেইড গ্যাস মিটার প্রকল্প) | ০১৭৮৮৫৬৮২৭৬<br>০১৭৮৮৫৬৭২৯৬<br>০১৩০০২৮৭৫২০<br>০১৭০৩৭২৯৫০৫<br>০১৭০৩৭২৯৪৫১<br>০১৭০৩৭২৯৩৮৯ |
| জরুরি গ্যাস নিয়ন্ত্রণ কেন্দ্র-২৪ ঘণ্টা (তিতাস গ্যাস টি এন্ড ডি কোং লিঃ) | ঢাকা উত্তর ঃ<br>০১৯৫৫৫০০৪৯৭<br>০১৯৫৫৫০০৪৯৮<br>ঢাকা দক্ষিণ<br>০১৯৫৫৫০০৪৯৯<br>০১৯৫৫৫০০৫০০ |
| **হট লাইন** (সকাল ৮টা থেকে রাত ৮টা) | ১৬৪৯৬<br>০৯৬১২৩১৬৪৯৬ |

**আরো তথ্যের জন্য অনুগ্রহপূর্বক যোগাযোগ করুনঃ**

প্রিপেইড গ্যাস মিটার স্থাপন প্রকল্প
তিতাস গ্যাস টি এন্ড ডি কোং লিঃ
তিতাস গ্যাস ভবন (১২ তলা)
১০৫, কাজী নজরুল ইসলাম এভিনিউ
কাওরান বাজার বা/এ, ঢাকা-১২১৫, বাংলাদেশ।

# প্রিপেইড গ্যাস মিটার ব্যবহার নির্দেশিকা




প্রিপেইড গ্যাস মিটার স্থাপন প্রকল্প
তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড

## প্রিপেইড গ্যাস মিটার

ডিজিটাল পদ্ধতি ব্যবহারের মাধ্যমে উন্নততর গ্রাহক সেবা নিশ্চিতকরণের লক্ষ্যে আপনার আঙ্গিনায় স্থাপনকৃত মিটারটি একটি স্মার্ট কার্ড ভিত্তিক প্রিপেইড গ্যাস মিটার।

**প্রিপেইড সিস্টেম ব্যবহারের সুবিধা সমূহঃ**

- মূল্যবান প্রাকৃতিক গ্যাসের অপচয় রোধ করে।
- প্রকৃত ব্যবহার অনুযায়ী গ্যাস বিল পরিশোধ করা যায়।
- নির্বাচিত ব্যাংক, এজেন্ট ব্যাংক ও মোবাইল অপারেটর-এর "POS" সেন্টারের মাধ্যমে গ্যাস বিল প্রদান করা।

"POS" সেন্টারের ঠিকানা ও প্রিপেইড গ্যাস মিটার সংক্রান্ত যে কোন তথ্য জানতে তিতাস গ্যাস টি এন্ড ডি কোং লিঃ-এর ওয়েবসাইট www.titasgas.org.bd ভিজিট করুন।

## স্মার্ট কার্ড রিচার্জ করার পদ্ধতি

**১ম ধাপ**

আপনার স্মার্ট কার্ডটি নিয়ে নিকটস্থ একটি "POS" সেন্টারে চলে আসুন।

**২য় ধাপ**


আপনার স্মার্ট কার্ডটি সেন্টারের প্রতিনিধিকে দিন এবং আপনার চাহিদা অনুযায়ী টাকা রিচার্জের পরিমান তাকে বলুন ও সে অনুযায়ী টাকা প্রদান করুন।

**৩য় ধাপ**

"POS" সেন্টারের প্রতিনিধি আপনাকে টাকার রশিদসহ স্মার্ট কার্ডটি রিচার্জ শেষে ফেরত দেবেন।


## কার্ড থেকে মিটার রিচার্জ করার পদ্ধতি

**১ম ধাপ**




"A" বোতামটি পরপর ২ বার ১ সেকেন্ডের একটু বেশি সময় চেপে ধরে ছেড়ে দিন।

**২য় ধাপ**




অনুগ্রহ করে নিশ্চিত হবেন যে, মিটার ডিসপ্লেতে "IN" লেখাটি মিটমিট করে জ্বলছে।

**৩য় ধাপ**



মিটারের ছবিতে দেখানো (▭) জায়গায় আপনার রিচার্জ করা কার্ডটি ধরুন এখন "IN" লেখাটি ডিসপ্লেতে মিটমিট করছে।

**৪র্থ ধাপ**





ডিসপ্লেতে "Card" লেখাটি ভেসে উঠবে। ডিসপ্লেতে "END" না আসা পর্যন্ত কার্ডটি ধরে রাখুন।

**৫ম ধাপ**





"END" লেখাটি ডিসপ্লেতে ভেসে উঠলে বুঝবেন আপনার কার্ড থেকে মিটারে টাকা রিচার্জ সফলভাবে সম্পন্ন হয়েছে। এখন আপনি আপনার ক্রয়কৃত গ্যাস ব্যবহার করতে পারেন।

## সংকেত পরিচিতি




| | সংকেত | পরিচিতি |
|---|---|---|
| 1. | 8888888 | ব্যবহারযোগ্য গ্যাসের পরিমান (ঘন মিটার)। |
| 2. | OPEN | মিটারে গ্যাস প্রবাহ চালু আছে। |
| 3. | CLOSE | মিটারে গ্যাস প্রবাহ বন্ধ আছে। |
| 4. | REG | মিটার রিচার্জের জন্য প্রস্তুত আছে। |
| 5. | DEL | কার্জের ফাংশন বাতিল করা বুঝাবে। |
| 6. | ▭ | ব্যাটারিতে চার্জের পরিমান বুঝাবে। |




ডিসপ্লেতে গ্যাসের পরিমান দেখানো ৪ (চার) দাগের নির্দেশকটি দেখুন। পরিমান সূচকে F থেকে E এর দিকে তৃতীয় দাগ নেমে আসলেই মিটার রিচার্জ সংকেত দিতে থাকবে। যদি দুই দাগের নিচে নেমে আসে তখন জরুরি সংকেত দিতে থাকবে।

জরুরি সংকেত থাকা অবস্থায় গ্যাস বন্ধ হবে না। এলার্ম সিগনাল দেওয়া মাত্রই দ্রুত স্মার্ট কার্ডটি নিকটস্থ "POS" থেকে রিচার্জ করে বিরতিহীন সেবা গ্রহণ করুন।